

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ  
সুরক্ষা সেবা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।  
Email: sirajganjdnc@gmail.com

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জের কর্মকর্তা/কর্মচারীদের সাথে ফেব্রুয়ারী, ২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : আবু আব্দুল্লাহ জাহিদ  
সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ  
তারিখ ও সময় : ২৮ ফেব্রুয়ারী, ২০২৩, বিকাল ০৪:৩০ ঘটিকায়  
সভার স্থান : অত্র কার্যালয়ের সম্মেলন কক্ষ  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য


সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০২। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	মাদক মামলা উদঘাটন	জানুয়ারি/২৩ মাসের মামলার পরিসংখ্যান আলোচনা করা হয়। "ক" সার্কেল নিয়মিত মামলা ০১ টি ও মোবাইল কোর্ট মামলা ১৪ টি, "খ" সার্কেল নিয়মিত মামলা ৩ টি, মোবাইল কোর্ট ১৭ টি, দুই সার্কেল মিলে মোট মামলা ৩৫ টি। পরিদর্শকগণ স্ব স্ব সার্কেলের অভিযান পরিচালনা ও মামলা উদঘাটনের পরিসংখ্যান আলোচনা করেন এবং উপ পরিদর্শক, সহঃ উপ পরিদর্শক ও সিপাইগণ তাদের জানুয়ারি/২৩ মাসের কার্যক্রমের বর্ণনা দেন। অতঃপর সভার সভাপতি বলেন যে, অভিযান ও মামলার পরিমাণ বৃদ্ধি করতে হবে। সেই সাথে বড় মামলা উদঘাটন করার চেষ্টা করতে হবে।	অভিযান ও মামলা বৃদ্ধি করতে হবে। গোয়েন্দা নজরদারি অব্যাহত রাখতে হবে।	পরিদর্শক/ উপ-পরিদর্শক/সহকারী উপ-পরিদর্শক/সিপাই/ ওয়ালেস অপারেটর। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)
০২	APA	বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির লক্ষ্য অনুযায়ী মামলা ও অভিযান পরিচালনার পাশাপাশি বিভিন্ন স্কুল/কলেজে মাদক বিরোধী গনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা ও অন্যান্য সূচক নিয়ে আলোচনা করা হয়।	বিভিন্ন উপজেলাতে মামলার পাশাপাশি স্কুল/কলেজে মাদক বিরোধী গনসচেতনতামূলক কার্যক্রম ও শ্রেণী বক্তৃতা প্রদান করতে হবে।	পরিদর্শক/উপ-পরিদর্শক। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)।
০৩	অস্থায়ী চেকপোস্ট	অস্থায়ী চেকপোস্ট স্থাপন করে যানবাহন তল্লাশী ও মাদক উদ্ধারের কলাকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তল্লাশীকালে অন্য কোনো সংস্থা বা সাধারণ সকলে যাতে তল্লাশী পরিচালনাকারী সম্পর্কে জানতে পারে সেজন্য ডিএনসি সিরাজগঞ্জ, অস্থায়ী মাদকবিরোধী তল্লাশী শিরোনামে ব্যানার বসানোর বিষয়ে আলোচনা করা হয়।	অস্থায়ী চেকপোস্ট বসানোর জন্য ব্যানার তৈরি করতে হবে এবং তা সংরক্ষণ করে প্রতিবার চেকপোস্ট বসানোর সময় তা প্রদর্শন করতে হবে।	পরিদর্শক/উপ-পরিদর্শক। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)।
০৪	পোশাক পরিধান	অভিযান, মামলা, সাক্ষ্য প্রদানকালে ও অন্যান্য সকল দাপ্তরিক কাজে পোশাক পরিধানের আবশ্যিকতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	নিয়মিতভাবে অফিসে, সাক্ষ্য প্রদানকালে ও সকল দাপ্তরিক কাজে পোশাক পরিধান করতে হবে। সাক্ষ্য দানের তথ্য অফিসকে অবহিত করতে হবে।	পরিদর্শক/উপ-পরিদর্শক/সহকারী প্রসিকিউটর/সহকারী উপ- পরিদর্শক/সিপাই/ওয়ালেস অপারেটর। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	সাক্ষ্য প্রদান/সাক্ষ্য প্রদানের তথ্য প্রদান	সাক্ষ্য প্রদানের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে এবং নিয়মিতভাবে সাক্ষ্য প্রদান করতে হবে যাতে সাক্ষির অভাবে কোন আসামী কোন প্রকার ছাড় না পায়। সাক্ষ্য প্রদানের তথ্য অফিসকে অবহিত করে সাক্ষ্য প্রদানের উদ্দেশ্যে অফিস ত্যাগ করতে হবে। সাক্ষ্য দানকালে ইউনিফর্ম পরিধান করতে হবে।	নিয়মিত ভাবে সাক্ষ্য প্রদান করতে হবে এবং তা অফিসকে অবহিত করতে হবে।	পরিদর্শক/উপ-পরিদর্শক/সহকারী উপ-পরিদর্শক/সিপি। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)

০৩। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
১১/৩/২০২০  
(আবু আব্দুল্লাহ জাহিদ)  
সহকারী পরিচালক  
ফোন: +৮৮০২৫৮৮৮৩০০২৫

নং-৫৮.০২.৮৮০০.০০০.১৮.১৩২.১৫-১৬

তারিখ: ১১ মার্চ, ২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (ক্ষেত্রাত্মক ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী।  
০২। অফিস কপি।

  
১১/৩/২০২০  
(আবু আব্দুল্লাহ জাহিদ)  
সহকারী পরিচালক  
ফোন: +৮৮০২৫৮৮৮৩০০২৫